



বিএমএ নিউজ

০৯ মাঘ ১৪২৩/২২ জানুয়ারি ২০১৭

বিশ্ব ইজতেমা (২য় পর্ব)-২০১৭: বিএমএ'র উদ্যোগে ফ্রি মেডিকেল ক্যাম্প



টঙ্গীর তুরাগ নদীর তীরে মুসলিম উম্মাহর অন্যতম বৃহৎ ধর্মীয় জমায়েত বিশ্ব ইজতেমা ২০১৭ এর ২য় পর্বে আগত ধর্মপ্রাণ মুসল্লিদেরকে বিনা মূল্যে ওষুধ ও স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে প্রতিবছরের ন্যায় এবারও বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন ফ্রি মেডিকেল ক্যাম্প স্থাপন করেছে। ২০-২২ জানুয়ারি ২০১৭ তিন দিন ব্যাপি মেডিকেল ক্যাম্পে ২৪ ঘন্টা বিনা মূল্যে জরুরী চিকিৎসা সেবা ও ওষুধ প্রদান করা হয়।

বিএমএ সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন ও মহাসচিব ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরীর সার্বিক নির্দেশনায় ও সমাজ কল্যাণ সম্পাদক ডা. সোহেল মাহমুদ এর তত্ত্বাবধায়নে পরিচালিত ফ্রি মেডিকেল ক্যাম্পে ডা. মোঃ হাবিব, ডা. মোস্তফা, ডা. জুয়েল ও ডা. শিশির রোগীদের চিকিৎসা সেবা প্রদান করেন।